# MODEL QUESTION

## Class - XI : POLITICAL SCIENCE : Half-yearly Exam. : 2022-23 : Marks - 80

**I.** **সঠিক উত্তরটি বাছাই কর :-** 1x10=10

1. গণপরিষদের খসড়া কমিটির সভাপতি ছিলেন –
   (i) ড: রাজেন্দ্র প্রসাদ (ii) জওহর লাল নেহেরু
   (iii) ড: বি.আর. আম্বেদকর (iv) মহাত্মা গান্ধি

2. ভারতের প্রাপ্ত বয়স্কের ভোটাধিকারের ন্যূনতম বয়স হল –
   (i) 16 বছর (ii) 18 বছর
   (iii) 21 বছর (iv) 25 বছর

3. নির্বাচন কমিশনারগণ নিযুক্ত হন –
   (i) রাষ্ট্রপতি দ্বারা (ii) লোকসভার নির্বাচিত সদস্যদের দ্বারা
   (iii) প্রধানমন্ত্রী দ্বারা (iv) জনপ্রতিনিধি নির্বাচনের মাধ্যমে

4. ভারতে শাসন বিভাগের নিয়মতান্ত্রিক প্রধান হলেন –
   (i) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (ii) লোকসভার অধ্যক্ষ
   (iii) প্রধানমন্ত্রী (iv) রাষ্ট্রপতি

5. সংবিধানের যে ধারায় অঙ্গরাজ্যে শাসনতান্ত্রিক অচলাবস্থা ঘোষণা করা হয় তা হল –
   (i) 350 নং ধারা (ii) 352 নং ধারা
   (iii) 356 নং ধারা (iv) 360 নং ধারা

6. রাজনীতির মূল বিষয় হল –
   (i) রাজতন্ত্র (ii) গণতন্ত্র
   (iii) ক্ষমতা (iv) বিপ্লব

7. সক্রেটিস-এর শিষ্য ছিলেন –
   (i) অ্যারিস্টোটেল (ii) প্লেটো
   (iii) রুশো (iv) কার্ল মার্কস

8. সাম্য ও স্বাধীনতা পরস্পরের –
   (i) পরিপূরক (ii) বিপরীতধর্মী
   (iii) পরিপন্থী (iv) সমধর্মী

9. "বৈষম্যমূলক সমাজে কখনোই সাম্য প্রতিষ্ঠিত হতে পারে না" - উক্তিটি করেছেন –
   (i) কার্ল মার্কস (ii) হবস্
   (iii) লেনিন (iv) রুশো

10. প্রাচীন ভারতে রাজা যেভাবে ন্যায় প্রতিষ্ঠা করতেন –
   (i) রাজ্যশাসনের মাধ্যমে (ii) ধর্মপালনের মাধ্যমে
   (iii) বিষয়ব্যবস্থার মাধ্যমে (iv) প্রজাপালনের মাধ্যমে

[ Contd...P/2 ]

**II. একটি শব্দে / পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও :-** 1x20=20

11. গণপরিষদের প্রধান লক্ষ্য কি ছিল ?
12. ভারতীয় সংবিধানকে যুক্তরাষ্ট্রপ্রতীম বলে অভিহিত কে করেছেন ?
13. কানাডার সংবিধান থেকে গ্রহণ করা হয়েছে এমন একটি বিষয়ের নাম উল্লেখ কর ।
14. ভারতীয় গণপরিষদ কখন সার্বভৌম পরিষদের মর্যাদা লাভ করে ?
15. প্রত্যক্ষ গণতান্ত্রিক শাসন দেখা যেত এমন একটি দেশের নাম কর ।
16. বর্তমানে সমগ্র ভারতকে কতগুলি লোকসভা নির্বাচনি অঞ্চলে বিভক্ত করা হয়েছে ?
17. সীমানা নির্ধারক কমিশন বা (Delimitation Commission) কে নিযুক্ত করেন ?
18. ব্রিটেনে কী ধরনের শাসনব্যবস্থা দেখা যায় ?
19. রাজ্যপালের প্রধান পরামর্শদাতা কে ?
20. রাষ্ট্রপতির ‘ভেটো ক্ষমতা’ বলতে কি বুঝ ?
21. রাষ্ট্র কৃত্যক কমিশনের সদস্যদের কে অপসারণ করতে পারেন ?
22. রাজনৈতিক তত্ত্ব কি ?
23. রাষ্ট্র দর্শনের জনক কাকে বলা হয় ?
24. ‘স্বরাজ আমার জন্মগত অধিকার’ - উক্তিটি কে করেছেন ?
25. স্বাধীনতার নেতিবাচক ধারণার যে কোন একজন প্রবক্তার নাম লেখ ।
26. ‘আইনের দৃষ্টিতে সাম্য’ কাকে বলে ?
27. ‘Spirit of the Laws’ গ্রন্থটির লেখক কে ?
28. নারীবাদ কি ?
29. খ্রি: পূ. চতুর্থ শতাব্দীতে এথেন্সের (গ্রিস) বিখ্যাত দার্শনিক কে ছিলেন ?
30. ন্যায়ের ধারণার উৎসগুলি কী ?

**III. অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (20টি শব্দের মধ্যে) :-** 2x5=10

31. সংবিধানের দুটি উদ্দেশ্য লিখ ।
32. মন্ত্রীদের যৌথ দায়িত্বশীলতা বলতে কি বুঝ ?
33. অর্থনৈতিক স্বাধীনতা বলতে কি বুঝ ? দুটি উদাহরণ দাও।
34. আনুষ্ঠানিক সাম্য কীভাবে প্রতিষ্ঠা করা হয় ?
35. সক্রেটিস এর কাছে ন্যায়ের অর্থ কি ছিল ?

**IV. অনধিক 60টি শব্দের মধ্যে নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :-** 3x2=6

36. প্রত্যক্ষ গণতন্ত্র ও পরোক্ষ গণতন্ত্রের মধ্যে তিনটি পার্থক্য নিরূপণ কর ।
37. নিয়ন্ত্রণমুক্ত স্বাধীনতা স্বেচ্ছাচারিতার নামান্তর – ব্যাখ্যা কর।

**[ Contd...P/3 ]**

**V. অনধিক আশিটি শব্দের মধ্যে প্রশ্নগুলোর উত্তর দাও :-** 4x6=24

38. ভারতের নির্বাচন কমিশনের চারটি কার্যাবলির আলোচনা কর।

39. ভারতের রাষ্ট্রপতি কিভাবে নির্বাচিত হয় ?

40. সংসদীয় সরকার বলতে কি বুঝ ? সংসদীয় সরকারের দুটি বৈশিষ্ট্য লিখ। (2+2=4)

41. রাজনৈতিক তত্ত্বের প্রধান আলোচ্য বিষয় কী ?

42. সাম্য ও স্বাধীনতার মধ্যে সম্পর্ক আলোচনা কর।

43. প্লেটোর মতানুসারের ন্যায়ের ধারণাটি সংক্ষেপে ব্যাখ্যা কর।

**VI. অনধিক 120 শব্দের মধ্যে নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও :-** 5x2=10

44. সংবিধান কাকে বলে? লিখিত ও অলিখিত সংবিধানের তিনটি পার্থক্য নিরূপণ কর।

45. বিশেষ প্রয়োজনের স্বীকৃতি এবং সমকক্ষ লোকের প্রতি সমান আচরণের নীতি – এই দুটি নীতি কি একে অপরের বিরোধী ? আলোচনা কর।

# MODEL QUESTION

## Class - XI : POLITICAL SCIENCE : Annual Exam. : 2022-23 : Marks - 80

**I. সঠিক উত্তরটি বাছাই কর :-** 1x10=10

1. রাজ্যসভায় রাষ্ট্রপতি দ্বারা মনোনিত সদস্য সংখ্যা হল –
   (i) 2 জন (ii) 10 জন
   (iii) 12 জন (iv) 14 জন

2. নাগরিক অধিকার রক্ষার ক্ষেত্রে সুপ্রিমকোর্ট আদেশ, নির্দেশ ও লেখ জারি করতে পারে সংবিধানের নিম্নলিখিত ধারানুসারে –
   (i) 122 নং ধারা (ii) 32 নং ধারা
   (iii) 124 নং ধারা (iv) 143 নং ধারা

3. নিম্নলিখিতগুলোর মধ্যে কোন্‌টি যুগ্ম তালিকাভুক্ত বিষয় –
   (i) সংবাদপত্র ও শিক্ষা (ii) ডাক ব্যবস্থা
   (iii) পুলিশি ব্যবস্থা (iv) মুদ্রা

4. ভারতে যুক্তরাষ্ট্রীয় কাঠামো গড়ে উঠে ———— নেতৃত্বে –
   (i) মহাত্মা গান্ধি (ii) ড. বি.আর. আম্বেদকর
   (iii) ইন্দিরা গান্ধি (iv) জওহরলাল নেহেরু

5. ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থার সর্বনিম্ন স্তর হল –
   (i) পঞ্চায়েত সমিতি (ii) জেলা পরিষদ
   (iii) গ্রাম পঞ্চায়েত (iv) নগর পঞ্চায়েত

6. জাতীয় মানবাধিকার কমিশন গঠিত হয় –
   (i) 1993 খ্রিস্টাব্দে (ii) 1993 খ্রিস্টাব্দে
   (iii) 1995 খ্রিস্টাব্দে (iv) 1996 খ্রিস্টাব্দে

7. যে ধরনের অধিকার রাষ্ট্রকে নাগরিকের প্রতি দায়বদ্ধ করে তোলে তা হল –
   (i) রাজনৈতিক অধিকার (ii) সাংস্কৃতিক অধিকার
   (iii) অর্থনৈতিক অধিকার (iv) শিক্ষার অধিকার

8. ভারতের সংবিধানের নাগরিকতা সম্পর্কিত সাংবিধানিক ব্যবস্থা লিপিবদ্ধ করা হয়েছে –
   (i) প্রথম অধ্যায়ে (ii) দ্বিতীয় অধ্যায়ে
   (iii) তৃতীয় অধ্যায়ে (iv) চতুর্থ অথ্যায়ে

9. 'Nationalism' গ্রন্থটির লেখক হলেন –
   (i) রবীন্দ্রনাথ ঠাকুর (ii) স্বামী বিবেকানন্দ
   (iii) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (iv) রাজা রামমোহন রায়

10. ধর্মনিরপেক্ষতার অর্থ হল –
    (i) ধর্মবিরোধী রাষ্ট্র (ii) রাষ্ট্রের একটি ধর্ম আছে
    (iii) ধর্মের ব্যাপারে রাষ্ট্র উদাসীন (iv) অধর্মীয় রাষ্ট্র

**[ Contd...P/2 ]**

**II. একটি শব্দে / পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও :-** 1x20=20

11. বর্তমানে লোকসভার সদস্যসংখ্যা কত ?
12. মন্ত্রিসভা যৌথভাবে পার্লামেন্টের কোন্ কক্ষের নিকট দায়িত্বশীল থাকে ?
13. সুপ্রিমকোর্টের বিচারপতিদের কার্যকালের মেয়াদ কত বছর ?
14. PIL কথাটির পূর্ণাঙ্গ রূপটি কি ?
15. কেশবানন্দ ভারতী মামলায় সুপ্রিমকোর্টের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তটি কি ছিল ?
16. ভারতে যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় অবশিষ্ট ক্ষমতা কার হাতে ন্যস্ত ?
17. সারকারিয়া কমিশন গঠনের কারণ কি ?
18. রাজ্য তালিকাভুক্ত একটি বিষয় উল্লেখ কর ।
19. গ্রামসভা কিভাবে গঠিত হয় ?
20. রাজ্য অর্থ কমিশন কে গঠন করেন ?
21. ত্রিপুরায় পঞ্চায়েত ব্যবস্থায় কয়টি স্তর রয়েছে ?
22. স্বাভাবিক অধিকার কি ?
23. জন লক মানুষের কত প্রকার প্রাকৃতিক অধিকারের কথা বলেছেন ?
24. ভারতের নাগরিকত্ব অর্জনের একটি পদ্ধতির উল্লেখ কর ?
25. নাগরিকতার মূল উদ্দেশ্য কি ?
26. 'বিভাজ আইন' (Segregation Laws) এর বিরুদ্ধে যে আন্দোলন গড়ে উঠেছিল তার নেতা কে ছিলেন ?
27. জাতীয় জনসমাজ কখন জাতিতে পরিণত হয় ?
28. আত্মনিয়ন্ত্রণের অধিকার সংক্রান্ত মতবাদকে অন্য কী নামে অভিহিত করা হয় ?
29. কামাল আতার্তুক কি নিষিদ্ধ করেন ?
30. রাষ্ট্র ও ধর্মকে কিভাবে পৃথক করা সম্ভব ?

**III. অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (20টি শব্দের মধ্যে) :-** 2x5=10

31. সুপ্রিমকোর্ট কিভাবে নাগরিক অধিকার রক্ষা করে ?
32. 73তম সংবিধান সংশোধনী আইনের দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর।
33. আইনি স্বীকৃতি ছাড়া অধিকার অর্থহীন কেন ?
34. দ্বৈত নাগরিকতা বলতে কি বুঝ ?
35. ধর্মনিরপেক্ষতার পাশ্চাত্য রীতি কি ?

**IV. অনধিক 60টি শব্দের মধ্যে নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও :-** 3x2=6

36. যুক্তরাষ্ট্রের তিনটি বৈশিষ্ট্য আলোচনা কর।
37. নাগরিকতা অর্জনের পদ্ধতিগুলি কি কি ?

**[ Contd...P/3 ]**

**V. অনধিক 80টি শব্দের মধ্যে প্রশ্নগুলোর উত্তর দাও :-** 4x6=24

38. ভারতের বিচারবিভাগের নিরপেক্ষতা রক্ষার উদ্দেশ্যে যে সকল সাংবিধানিক ব্যবস্থা গৃহীত হয়েছে সেগুলি কী কী ?

39. ভারতীয় যুক্তরাষ্ট্রের প্রকৃতি আলোচনা কর ।

40. পঞ্চায়েত সমিতির গঠন ও আয়ের উৎস আলোচনা কর।

41. ব্যক্তির ব্যক্তিত্ব বিকাশে সহযোগী অধিকারের কেন প্রয়োজন ?

42. আন্তর্জাতিকতাবাদ বলতে কি বুঝ ? আন্তর্জাতিকতাবাদের দুটি উপযোগিতা বা গুরুত্ব লেখ।

43. অন্তঃধর্মীয় কর্তৃত্ব ও আন্তঃধর্মীয় কর্তৃত্বের মধ্যে পার্থক্য নিরূপণ কর ।

**VI. অনধিক 120 শব্দের মধ্যে নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও :-** 5x2=10

44. ভারতীয় পার্লামেন্ট বা সংসদের ক্ষমতা ও কার্যাবলি আলোচনা কর।

45. বিশ্বজনীন নাগরিকতার ধারণা তৈরির কারণগুলো বিশ্লেষণ কর।